বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
আইন বিভাগ

পি, এ, বি, এক্স- ৯৫৬০০২১-৫
৯৫৬০০৩১-৫
ফোন ঃ ৯৫৫৩০০১

ঋন আদায় মহাবিভাগ (আইন) পরিপত্র নং-০২/২০১৯ তারিখঃ ৩০-১২-২০১৯ খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিভিন্ন আদালতে মামলা দায়ের ও পরিচালনা এবং আইনজীবীদের ফিস পূনঃনির্ধারণ সংক্রান্ত নীতিমালা -২০১৯।**

প্রিয় মহোদয়,

বিভিন্ন আদালতে ব্যাংকের মোকদ্দমা সমূহ পরিচালনার জন্য ইতোপূর্বে আইন পরিপত্র নং-০২/১৯৯৫, তারিখঃ- ১১-০৩-১৯৯৫, আইন পরিপত্র নং-০৪/১৯৯৭, তারিখঃ ১১-১১-১৯৯৭ জারী করা হয়েছিল। উক্ত পরিপত্রসমূহে ব্যাংকের প্যানেলভূক্ত আইনজীবীদের হাজিরা ও শুনানী ভিত্তিক ফিসের বিধান প্রচলিত ছিল। পরবর্তীতে ডিএমডি পরিপত্র নং-১৪/২০০২ তারিখঃ ১১-১১-২০০২ জারীপূর্বক তালিকাভূক্ত আইনজীবীর পাশাপাশি কেস টু কেস ভিত্তিতে চুক্তিভিত্তিক আইনজীবী নিয়োগ এবং ফিস নির্ধারণের বিধান চালু করা হয়। উল্লেখিত পরিপত্রসমূহ দীর্ঘদিনের পুরাতন হওয়ায় এবং উক্ত পরিপত্রসমূহে ২০,০০০/- টাকার অধিক ফিসে আইনজীবী নিয়োগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল,ফৌজদারী আদালতসহ অন্যান্য আদালত এবং সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে মামলা দায়ের ও পরিচালনার ক্ষেত্রে আইনজীবী নিয়োগ ও ফিস নির্ধারণের বিষয়ে সুস্পষ্ট নীতিমালা না থাকায় বর্তমান সময়ের প্রেক্ষিতে বিভিন্ন আদালতে মামলা দায়ের ও পরিচালনার লক্ষ্যে ব্যাংক কর্তৃক অর্থ ঋণ আদালতসহ বিভিন্ন আদালতে আইনজীবী নিয়োগ ও আইনজীবীগণের ফিস নির্ধারণের বিষয়ে একটি যুগোপযোগী, যৌক্তিক ও বাস্তবভিত্তিক নীতিমালা প্রনয়ণের লক্ষ্যে এতদসংক্রান্ত একটি নীতিমালা ১২/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৫০ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা অনুমোদিত হয়।

তৎপ্রেক্ষিতে আইনজীবী নিয়োগ ও ফিস সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আইন পরিপত্র নং -০২/১৯৯৫, তারিখঃ ১১-০৩-১৯৯৫ , আইন পরিপত্র নং -০৪/১৯৯৭,তরিখঃ ১১-১১-১৯৯৭ এবং ডিএমডি পরিপত্র নং- ১৪/২০০২, তারিখঃ ১১-১১-২০০২ বাতিল পূর্বক অর্থঋণ আদালত, প্রশাসনিক ট্রাইব্যুনালসহ অন্যান্য আদালতে সকল প্রকার (দেওয়ানী ও ফৌজদারী প্রকৃতির) মামলা দায়ের এবং প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে আইনজীবী নিয়োগের জন্য মাঠ পর্যায়ের মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক(স্থানীয় মুখ্য কার্যালয়), উপ-মহাব্যবস্থাপক (কর্পোরেট শাখাসমূহ/এলপিও), মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক ব্যবস্থাপকগণকে প্রদত্ত ক্ষমতা পূণঃনির্ধারণসহ বিভিন্ন আদালতে মামলা দায়ের ও পরিচালনার জন্য আইনজীবীগণের ফিস পুনঃনির্ধারণ সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ-

০২। আইনজীবীর প্যানেলভূক্তির পর প্যানেলভূক্ত আইনজীবীদের মধ্য থেকে নীতিমালা অনুযায়ী আইনজীবী নিয়োগ দিতে হবে। সকল প্রকার সার্টিফিকেট মামলা এবং ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত অর্থঋণ আদালতে মামলা দায়েরের ক্ষমতা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের উপর ন্যাস্ত থাকবে। এছাড়া নিম্ন আদালতে দায়েরযোগ্য সকল প্রকার দেওয়ানী ও ফৌজদারী মামলা উপমহাব্যবস্থাপক,এলপিও/কর্পোরেট শাখা কর্তৃক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণ কর্তৃক দায়ের করতে হবে ।

**অর্থঋণ আদালতে স্যুট ভ্যালু অনুযায়ী মামলা দায়েরের জন্য (অনুমোদনকারী) কর্তৃপক্ষের ক্ষমতা নিম্নরূপে নির্ধারণ করা হলো ঃ-**

| অনুমোদনকারী কর্মকর্তা | স্যুট ভ্যালুর পরিমাণ |
|---|---|
| শাখা ব্যবস্থাপক | ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত |
| উপমহাব্যবস্থাপক ,এলপিও/কর্পোরেট শাখা | ৭৫.০০ লক্ষ টাকা পর্যন্ত |
| মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক | ২০.০০ লক্ষ টাকার উর্ধ্বে ৭৫.০০লক্ষ টাকা পর্যন্ত |
| মহাব্যবস্থাপক ,এলপিও/সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় | ৭৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ২.০০ কোটি টাকা পর্যন্ত |
| সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক | ২.০০ কোটি টাকার উর্ধ্বে ৩.০০ কোটি টাকা পর্যন্ত |
| ব্যবস্থাপনা পরিচালক | ৩.০০ কোটি টাকার উর্ধ্বে |

এছাড়া নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে স্থানীয় পর্যায়ে আপিল/রিভিশন দায়েরের ক্ষেত্রে উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ কর্পোরেট শাখা এবং সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ অনুমোদন প্রদান করবেন। উচ্চ আদালতে আপীল/রীট/রিভিশন দায়েরের ক্ষেত্রে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের সুপারিশসহ প্রধান কার্যালয়ের আইন বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

০৩। **মাঠ পর্যায়ে মামলা দায়ের ও পরিচালানার ক্ষেত্রে আইনজীবী নিয়োগসহ বিল অনুমোদন ও মঞ্জুরী প্রদানকারী কর্তৃপক্ষের ক্ষমতা ও ফিসের সীমা নিম্নরূপে নির্ধারণ করা হলো ঃ-**

| আইনজীবী নিয়োগ ও বিল অনুমোদনকারী কর্মকর্তা | আইনজীবীর ফিসের সীমা |
|---|---|
| শাখা ব্যবস্থাপক | ২৫,০০০/- টাকা পর্যন্ত |
| উপমহাব্যবস্থাপক ,এলপিও/কর্পোরেট শাখা | ৩০,০০০/- টাকা পর্যন্ত |
| মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক | ২৫,০০০/-টাকার উর্ধ্বে ৩০,০০০/- টাকা পর্যন্ত |
| মহাব্যবস্থাপক ,এলপিও/সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় | ৩০,০০০/- টাকার উর্ধ্বে ৪০,০০০/- টাকা পর্যন্ত |
| আইন বিভাগ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক | ৪০,০০০/- টাকার উর্ধ্বে ৫০,০০০/- টাকা পর্যন্ত |
| সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক | ৫০,০০০/- টাকার উর্ধ্বে ১,০০,০০০/- টাকা পর্যন্ত |
| ব্যবস্থাপনা পরিচালক | ১,০০,০০০/- টাকার উর্ধ্বে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত। |

০৪। উচ্চ আদালতে সকল প্রকার মামলা (রীট/রিভিশন/আপীল/প্রশাসনিক ট্রাইব্যুনাল ইত্যাদি) দায়ের ও পরিচালনার ক্ষেত্রে আইনজীবী নিয়োগের বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এখতিয়ারাধীন থাকবে। তবে আলোচ্য মামলার আইনজীবীগণের বিলের ক্ষেত্রে আইন বিভাগ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত, সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত এবং ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্ধ্বে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত বিল ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনুমোদন ও মঞ্জুরী প্রদান করবেন। বিভিন্ন আদালতে মামলা দায়ের ও পরিচালনা সংক্রান্ত আইনজীবীদের ফিসের তালিকা নিম্নরূপঃ-

# বাংলাদেশ কৃষি ব্যাংক

আইন বিভাগ,
প্রধান কার্যালয়, ঢাকা

## বিভিন্ন আদালতে মামলা দায়ের ও পরিচালনা এবং আইনজীবীদের ফিস পুনঃনির্ধারণ সংক্রান্ত নীতিমালা-২০১৯

| ক্রঃ নং | কোর্ট /আদালত | মামলার প্রকৃতি | আইটেম/কাজের ধরন | আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | অর্থঋণ/ দেওয়ানী/ দেউলিয়া আদালত। | অর্থঋণ মামলা /মানি স্যুট /দেউলিয়া মামলা। | যথাযথভাবে আরজি প্রস্তুত, মামলা দায়ের, প্রয়োজনীয় সকল অন্তর্বর্তীকালীন পদক্ষেপ গ্রহনসহ মামলা চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত পরিচালনা । | ক) ১,০০,০০০/- লক্ষ টাকা পর্যন্ত ৭% হিসেবে সর্বনিম্ন ৫,০০০/- টাকা।<br>খ) ১,০০,০০১/- হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ৬% হিসেবে সর্বনিম্ন ৭,০০০/- টাকা।<br>গ) ২,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- পর্যন্ত ৩% হিসেবে সর্বনিম্ন ১২,০০০/-টাকা।<br>ঘ) ৫,০০,০০১/- টাকা হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ২% হিসেবে সর্বনিম্ন ১৫,০০০/- টাকা।<br>ঙ) ১০,০০,০০১/- টাকা থেকে ২০,০০,০০০/- টাকা পর্যন্ত ১.২৫% হিসেবে সর্বনিম্ন ২০,০০০/- টাকা,<br>চ) ২০,০০,০০০ টাকার উর্দ্ধে .৪০% হিসেবে সর্বনিম্ন ২৫,০০০/- এবং সর্বোচ্চ ৪০,০০০/- টাকা।<br><br># মামলা দায়ের করার পর মামলার নম্বর সহ আরজির কপি দাখিল সাপেক্ষে মোট প্রদেয় ফিস এর ৫০% এবং মামলা নিষ্পত্তি অন্তে রায় ডিক্রীর সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়।<br># সকল ক্ষেত্রে কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ (প্রকৃত) আলাদাভাবে চালান/যথাযথ রশিদের বিপরীতে প্রদেয় হবে। | শাখা ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা পর্যন্ত (অর্থঋণ মামলার ক্ষেত্রে), আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) ৩০,০০০/- টাকা পর্যন্ত এবং তদূর্ধ ৪০,০০০/- টাকা পর্যন্ত মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট বিঃকাঃ/ এলপিও। |
| ০২. | অর্থঋণ/ দেওয়ানী/ দেউলিয়া আদালত। | রিভিউ/বিবিধ মামলা/মিস কেস (অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১৯(৪) ধারার মোকদ্দমা ব্যতিত)। | সকল প্রকার রিভিউ / বিবিধ / মিস মামলা শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত সকল অর্ন্তবর্তীকালীন পদক্ষেপ সহ পরিচালনা। | ক) ব্যাংক কর্তৃক মামলা দায়ের করা হলে সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা।<br>খ) ব্যাংক প্রতিপক্ষ হলে সেক্ষেত্রে সর্বেমোট ফিস ১২,০০০/- টাকা।<br># মামলা দায়ের করার পর মামলার নম্বর সহ দরখাস্তের কপি দাখিল সাপেক্ষে মোট প্রদেয় ফিস এর ৫০% এবং মামলা নিষ্পত্তি অন্তে রায় ডিক্রীর সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% বিল প্রদেয়।<br># (মূল মামলা থেকে একাধিক মিস মামলা উৎপত্তি হলে প্রতিটি মামলার ক্ষেত্রে একই পরিমান ফিস প্রদেয় হবে)। | শাখা ব্যবস্থাপক (অর্থঋণ মামলার ক্ষেত্রে), আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ০৩. | অর্থঋণ/ দেওয়ানী আদালত। | জারী মামলা। | ক) সকল প্রকার জারী মামলা দায়ের করা থেকে নিষ্পত্তি পর্যন্ত । | মূল মামলায় নির্ধারিত ফিস এর ৫০%। তবে এক্ষেত্রে সর্বোচ্চ ১৫,০০০/- টাকা এবং সর্বনিম্ন ৮,০০০/- টাকা ফিস প্রদান করা যাবে। | শাখা ব্যবস্থাপক (অর্থঋণ মামলার ক্ষেত্রে), আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও )। |
| | | | খ) ক্রোকি পরওয়ানা জারীর জন্য ঢুলি / মাইকিং । | # প্রতিবার ঢুলি / মাইকিং খরচ ১,৫০০/- টাকা । সর্বোচ্চ ২(দুই) বার ঢুলি / মাইকিং খরচ প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) |
| | | | গ) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারায় আদালত কর্তৃক ইস্যুকৃত সনদ উত্তোলন ও ব্যাংকে জমাদান। | মোট খরচ = ১,৫০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) |

| ক্রঃ নং | কোর্ট /আদালত | মামলার প্রকৃতি | আইটেম/কাজের ধরন | আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | ঘ) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৭) ধারায় আদালত কর্তৃক ইস্যুকৃত সনদ উত্তোলন পূর্বক ব্যাংকে জমাদান ও আদালতের মাধ্যমে উহার কপি সংশ্লিষ্ট সাব রেজিষ্ট্রার অফিসে পৌছানো নিশ্চিত করন। | মোট খরচ =২,০০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) |
| | | | ঙ) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৩৪ ধারায় আদালত কর্তৃক ইস্যুকৃত দেওয়ানী আটকাদেশের কপি উত্তোলণ। | মোট খরচ = ১,৫০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) । |
| | | | চ) আদালতের মাধ্যমে নিস্পত্তিকৃত মামলায় ডিক্রীকৃত টাকার আংশিক বা সর্ম্পূন অংশ বা জারী মামলায় বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়লব্ধ অর্থ আদালতের হিসাব হতে ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর নিশ্চিত করন। | মোট খরচ = ১০০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) । |
| ০৪. | ক) জেলা জজ/ অতিরিক্ত জেলা জজ/ যুগ্ম জেলা জজ। | মূল মামলা (মানি /টাইটেল স্যুট/ ঘোষনামূলক মোকদ্দমা) ও মিস মামলা । | মামলা শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত যাবতীয় পদক্ষেপসহ। | সর্বমোট ফিস ১৫,০০০/-টাকা।<br># মামলা দায়েরপূর্বক মামলা নম্বরসহ আরজি/ জবাবের কপি সরবরাহ অন্তে ৫০% ফিস এবং মামলা চূড়ান্ত নিস্পত্তির পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | খ) স্পেশাল ট্রাইব্যুনাল/ সিনিয়র স্পেশাল জজ আদালত / স্পেশাল জজ আদালত। | দূর্নীতি দমন কমিশনে দায়েরকৃত মামলা | মামলা শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত যাবতীয় পদক্ষেপসহ। | | |
| ০৫. | জেলা ও দায়রা জজ আদালত । | আপীল মামলা / রিভিশন (অর্থ ঋণ ও অন্যান্য)। | মামলা দায়ের ও পরিচালনা, দরখাস্ত /জবাব প্রস্তুত সহ যাবতীয় পদক্ষেপ গ্রহনসহ চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত । | সর্বমোট ফিস রিভিশনের ক্ষেত্রে ১৫,০০০/- টাকা এবং আপীলের ক্ষেত্রে ২৫,০০০/- টাকা।<br># মামলা দায়ের পূর্বক মামলা নম্বরসহ আরজির/ জবাবের কপি দাখিল সাপেক্ষে ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তির পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ০৬. | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট। | ফৌজদারী মামলা/ এন আই এ্যাক্ট এর ১৩৮ ধারার মামলাসহ অন্যান্য মামলা। | মামলা শুরু থেকে চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত অর্ন্তবর্তীকালীন পদক্ষেপ সহ পরিচালনা। | সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা।<br># নালিশি দরখাস্তের কপি সরবরাহ অন্তে ৫০% ফিস এবং মামলা চূড়ান্ত নিস্পত্তির পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ০৭. | জেলা জজ ও অন্যান্য আদালত। | আদালত অবমাননা/ মানহানির মামলা। | ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট মামলা শুরু থেকে চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত পরিচালনা। | সর্বমোট ফিস ১২০০০/-টাকা।<br># মামলা দায়ের বা জবাব দাখিলের পর মামলার নম্বরসহ আরজি /জবাবের কপি দাখিল সাপেক্ষে ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তি অন্তে ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ০৮. | ক) সহকারী জজ/ যুগ্ম জেলা জজ আদালত। | অন্য সকল প্রকার মামলা যেমন ঃ সত্ব নির্ধারন, দখল উদ্ধার ,চুক্তি প্রবল, নিষেধাজ্ঞা, ঘোষনামূলক ইত্যাদি (অর্থঋণ ব্যতিত)। | আরজি /জবাব প্রস্তুত, মামলার জবাব দাখিল শুনানী সহ প্রয়োজনীয় অর্ন্তবর্তীকালীন সকল পদক্ষেপ গ্রহন পূর্বক চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত। | সর্বমোট ফিস ১২০০০/-টাকা।<br># আরজি প্রস্তুত পূর্বক মামলা দায়ের বা জবাব দাখিলের পর মামলার নম্বর সহ আরজি/জবাবের কপি দাখিল অন্তে ৫০% ফিস এবং চূড়ান্ত রায়/ডিক্রীর সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) । |

| ক্রঃ নং | কোর্ট /আদালত | মামলার প্রকৃতি | আইটেম/কাজের ধরন | আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | খ) জেলা জজ আদালত। | সাকসেশন/উইলের প্রবেট | দরখাস্তসহ আপত্তি দাখিলের পর শুনানী সহ প্রয়োজনীয় অর্ন্তবর্তীকালীন সকল পদক্ষেপ গ্রহন পূর্বক চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত। | সর্বমোট ফিস ১২০০০/-টাকা।<br># আরজি প্রস্তুত পূর্বক মামলা দায়ের/ জবাব দাখিলের পর মামলার নম্বর সহ আরজি/জবাবের কপি দাখিল অন্তে ৫০% ফিস এবং চূড়ান্ত রায়/ডিক্রীর সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | গ) সহকারী জজ/ যুগ্ম জেলা জজ আদালত। | বাড়ী ভাড়া সংক্রান্ত মামলা। | আরজি প্রস্তুত, মামলার জবাব দাখিল শুনানী সহ প্রয়োজনীয় অর্ন্তবর্তীকালীন সকল পদক্ষেপ গ্রহন পূর্বক চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত। (পক্ষে - বিপক্ষে)। | সর্বমোট ফি - ১০,০০০/- টাকা।<br># আরজি/জবাব প্রস্তুত পূর্বক মামলা দায়ের অন্তে মামলার নম্বর সহ আরজি/জবাবের কপি দাখিলের পর ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তি অন্তে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | ঘ) সহকারী কমিশনার (ভূমি) অফিস। | জমা খারিজ মামলা। | ব্যাংকের আইনজীবী/আউট সোর্সি/ ৩য় কোন পক্ষের মাধ্যমে ব্যাংক কর্তৃক মালিকানা প্রাপ্ত সম্পত্তির মিউটেশন সম্পাদন। | # মিউটেশন সম্পাদনের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সরকারী ফিস এবং ভূমি উন্নয়ন কর ব্যতীত আইনজীবীর ফিস বাবদ ৭,৫০০/- টাকা প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | ঙ)সেটেলমেন্ট অফিস (ভূমি।) | ভূমি সংক্রান্ত। | মালিকানার রেকর্ড সংশোধন/স্বত্ব নির্ধারন। | সর্বমোট ফি - ১০,০০০/- টাকা।<br># আরজি প্রস্তুত পূর্বক মামলা দায়ের / জবাব দাখিলের পর মামলার নম্বর সহ আরজি/জবাবের কপি দাখিল অন্তে ৫০% ফিস এবং চূড়ান্ত রায়/ডিক্রীর সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | চ) ভূমি অধিগ্রহন কারী অফিসারের কার্যালয়। | ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত। | সংশ্লিষ্ট অফিস হতে ক্ষতিপূরনের অর্থ উত্তোলন। | সর্বমোট ফি - ৫,০০০/- টাকা।<br># ক্ষতিপূরনের চেক সংশ্লিষ্ট কার্যালয়/দপ্তর হতে উত্তোলন পূর্বক ব্যাংকের হিসাবে জমাদানসহ যাবতীয় কার্যক্রম আইনজীবীর মাধ্যমে সম্পন্ন হলেই কেবল উক্ত ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহা ব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ০৯. | বিভাগীয় কমিশনার /অর্পিত সম্পত্তি প্রত্যাবর্তন ট্রাইব্যুনাল/ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল/ ভূমি আপীল বোর্ড। | ভূমি সংক্রান্ত (ব্যাংকে স্বার্থ-সংশ্লিষ্ট / সার্টিফিকেট মামলা হতে উদ্ভূত) | মামলার আরজি /জবাব প্রস্তুত ও মামলা পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। | সর্বমোট ফি - ২০,০০০/- টাকা ।<br># মামলা দায়েরপূর্বক মামলার আরজির কপি দাখিল সাপেক্ষে ৫০% ফিস এবং মামলা চূড়ান্ত নিস্পত্তির পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহা ব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ১০. | ক) শ্রম আদালত / শ্রম আপিল আদালত এবং অন্যান্য আদালত। | শ্রম ও শিল্প আইন সংক্রান্ত মামলা। | মামলা দায়ের ও পরিচালনা (সকল অর্ন্তবর্তীকালীন পদক্ষেপসহ চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত)। | সর্বমোট ফি - ১৫,০০০/- টাকা ।<br># মামলা দায়ের পূর্বক মামলার নম্বরসহ আরজি /জবাবের কপি দাখিল সাপেক্ষে ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তির পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহা ব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ১১. | মেরিন কোর্ট ও এ্যাডমিরালটি স্যুট। | নৌ-পরিবহন সংক্রান্ত। | আরজি/জবাব প্রস্তুত, মামলা দায়ের, পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। | মেরিন কোর্টের ক্ষেত্রে ১৫,০০০/- টাকা এবং এডমিরালটি স্যুটের ক্ষেত্রে ২৫,০০০/- টাকা।<br># মামলা দায়ের পূর্বক মামলার নম্বরসহ আরজি / জবাবের কপি দাখিল সাপেক্ষে ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তির পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) মামলার মেরিট বিবেচনায় আইনজীবীর ফিস নির্ধারণ করবেন । |
| ১২. | হেড কোয়ার্টারের বাহিরে মামলা পরিচালনার ক্ষেত্রে। | ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ঢাকা থেকে অন্যান্য জেলা সমূহের আদালতে জটিল ও গুরুত্বপূর্ণ মামলা পরিচালনা। | আরজি /জবাব প্রস্তুতে স্থানীয় আইনজীবীকে ঢাকা থেকে গিয়ে সহযোগিতা প্রদান, শুনানী পরিচালনা। | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক/ কর্পোরেট শাখার সুপারিশের ভিত্তিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আইনজীবী নিয়োগ করতে হবে। নিয়োগকৃত আইনজীবী আংশিক শুনানীর জন্য যাতায়াত,থাকা ও খাওয়া ব্যাংক বহন করবে এবং প্রতিদিন ৫০০০/- টাকা এবং চূড়ান্ত শুনানীর জন্য ১০,০০০/- টাকা ফি প্রাপ্য হবেন। | সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের প্রস্তাবের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন। |

| ক্রঃ নং | কোর্ট /আদালত | মামলার প্রকৃতি | আইটেম/কাজের ধরন | আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৩. | নিম্ন আদালত /সহকারী কমিশনার (ভূমি) / সাব-রেজিস্ট্রার অফিস/ তহসিল অফিস / রেকর্ড রুম। | ------------ | কোন মামলার প্রয়োজনে কাগজপত্র উত্তোলন খরচ । | প্রতি পাতা ৫০/- টাকা হারে ১০ পাতা পর্যন্ত পরবর্তী অতিরিক্ত প্রতি পাতার জন্য ৩০/- টাকা হারে প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) । |
| ১৪. | মামলা বহির্ভূত বিবিধ মুসাবিদা। | -- | (ক) ঋণের বিপরীতে ব্যাংকে দায়বদ্ধ সম্পত্তির হদিস/অবস্থান চিহ্নিতকরণ, অবস্থান নকশা প্রস্তুত, সরবরাহকরণ, সম্পত্তির মালিকানা ও মূল্যমান সম্পর্কে প্রতিবেদন প্রদান ইত্যাদি । | সামগ্রিক কাজের জন্য সর্বনিম্ন ২০০০/- টাকা হতে সর্বোচ্চ ৩০০০/- টাকা বিল প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহা ব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | | | (খ) (১) আইনগত বিজ্ঞপ্তির খসড়া/ লিগ্যাল নোটিশ প্রদান/চুক্তিনামার খসড়া প্রস্তুতকরণ/ এজাহারের খসড়া প্রণয়ন/লিগ্যাল নোটিশের জবাব প্রদান ইত্যাদি।<br>(খ)(২) মামলা দায়েরের পূর্বে ঋণ পরিশোধের জন্য উকিল নোটিশ প্রদান। | সর্বমোট ২,০০০/- টাকা।<br>২০০/- টাকা মাত্র। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | | | গ) যে কোন চুক্তিনামা, সোলেনামা ও অংগীকারনামা প্রস্তুতকরন। | সর্বমোট ২,০০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহা ব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | | | ঘ) সম্পত্তির মালিকানা স্বত্ব নির্ধারণসহ যে কোন বিষয়ে আইনগত মতামত। | সর্বমোট ৩০০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| | | | ঙ) (১) বন্ধকী দলিল এবং আম মোক্তারনামা দলিল/এমওইউ প্রস্তুত।<br>(ঙ) (২) যে কোন প্রকারের নোটারাইজেশন | ১) সর্বমোট ৩০০০/- টাকা।<br>২) ৬০০/- টাকা। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও)। |
| ১৫. | সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ। | রীট/রিভিশন/ আপীল মামলা। | মামলা দায়ের,পরিচালনা ও শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত সকল অর্ন্তবর্তীকালীন পদক্ষেপসহ। | সর্বমোট ২৫,০০০/- টাকা।<br># এক্ষেত্রে রুল ও স্থগিতাদেশের কপি/ আরজি/ এফিডেভিট-ইন-অপজিশন দাখিল সাপেক্ষে ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তি সাপেক্ষে অবশিষ্ট ৫০%ফিস প্রদেয়। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |
| ১৬. | (ক) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ। | যে কোন ধরনের ফৌজদারী আপীল/ ফৌজদারী রিভিশন। | মামলা দায়ের ও পরিচালনা, শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত । | সর্বমোট ২৫,০০০/- টাকা।<br># এক্ষেত্রে পিটিশন দায়ের/জবাব দাখিলের পর ৫০% ফিস এবং মামলা নিস্পত্তি করে রায়ের সার্টিফাইড কপি জমা দেয়ার পর অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |
| | (খ) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ। | -- | রীট পিটিশন মেমোরেন্ডাম অব আপীল/রিভিশনের কপি আদালত হতে সংগ্রহ/ উত্তোলন (প্রযোজ্য ক্ষেত্রে)। | মোট ফিস ২,০০০/- টাকা ।<br># আদালত হতে সংগৃহীত কাগজপত্রের সংখ্যা ১০০ পাতা পর্যন্ত ২,০০০/- এর অধিক হলে আনুপাতিক হারে প্রদেয়। | উপমহাব্যবস্থাপক আইন বিভাগ, প্রধান কার্যালয় / উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়। |

| ক্রঃ নং | কোর্ট /আদালত | মামলার প্রকৃতি | আইটেম/কাজের ধরন | আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৭. | সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ। | আদালত অবমাননার মামলা। | মামলার আরজি/ জবাব প্রস্তুতসহ দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কেইস-টু-কেইস ভিত্তিতে ফিস নির্ধারণ করবেন। এক্ষেত্রে আরজি/লিখিত জবাব দাখিল, গ্রেফতারী পরোয়ানা জারী/ গ্রেফতারী পরোয়ানা অবমুক্ত (ভ্যাকেট) করার পর ৫০% ফিস ও মামলার চূড়ান্ত নিস্পত্তির পর নিস্পত্তি আদেশের সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |
| ১৮. | সুপ্রীম কোর্টের আপীল বিভাগ। | ব্যাংকের স্বার্থ সংশ্লিষ্ট সকল প্রকার আপীল মামলা। | মামলা দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। (পক্ষে /বিপক্ষে) | সর্বমোট ৩৫,০০০/- টাকা।<br># এক্ষেত্রে আপীল আবেদন / লিখিত আপত্তি (এফিডেভিট-ইন-অপজিশন) দাখিল অন্তে রুল ও আদেশের সার্টিফাইড কপি জমাদান সাপেক্ষে ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তির পর আদেশের সার্টিফাইড কপি জমাদান সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |
| ১৯. | - | - | পেপার বুক প্রস্তুত/ তৈরী খরচ। | সর্বোচ্চ ৮,০০০/- টাকা।<br>প্রতিটি মামলায় (১) প্রতি পৃষ্ঠা ৭/- টাকা হারে সর্বোচ্চ ১৪ সেটের জন্য পৃষ্ঠা প্রতি ১৪*৭= ৯৮/- টাকা হারে।<br>(২) বাইন্ডিং বই প্রতি ৬০/- টাকা হারে সর্বোচ্চ ১৪ সেটের জন্য মোট ৬০*১৪= ৮৪০/- টাকা।<br>(সহকারী আইন উপদেষ্টার প্রত্যয়নের ভিত্তিতে)। | আইন বিভাগের উপ-মহাব্যবস্থাপক ১০,০০০/- টাকা পর্যন্ত এবং তদূর্ধ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক। |
| ২০. | ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল। | চাকুরী সংক্রান্ত। | মামলার আরজি/ জবাব প্রস্তুতসহ দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। | সর্বমোট ফি - ২০,০০০/- টাকা।<br># এক্ষেত্রে আরজি প্রস্তুত পূর্বক মামলা দায়ের বা জবাব দাখিলের পর মামলার নম্বর সহ আরজি/জবাবের কপি দাখিল অন্তে ৫০% ফিস এবং চূড়ান্ত রায়/ডিক্রীর সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষ অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |
| | খ) প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল। | চাকুরী সংক্রান্ত আপীল মামলা। | মামলার আরজি/ জবাব প্রস্তুতসহ দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। | সর্বমোট ফি - ২৫,০০০/- টাকা।<br># এক্ষেত্রে মামলা দায়ের/ ১ম শুনানীর পর ৫০% ফিস এবং চূড়ান্ত নিস্পত্তি অন্তে সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |
| ২১. | যে কোন আদালত। | রিষ্টোরেশন মামলা। | আবেদন/জবাব প্রস্তুত ও আদালতে দাখিলসহ মামলা পরিচালনা (চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত) । | নিম্ন আদালতের মামলায় সর্বমোট ফি - ১০,০০০/- টাকা এবং<br>উচ্চ আদালতের মামলায় সর্বমোট ফি - ১৫,০০০/- টাকা।<br># আইনজীবীর অবহেলায় মামলা খারিজ হলে মামলা পুনরুজ্জীবীত করার দায় দায়িত্ব তাঁর। সে ক্ষেত্রে ফি প্রাপ্য হবেন না। আইনজীবী ভিন্ন হলে ফি প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) ।<br>উচ্চ আদালতের ক্ষেত্রে আইন বিভাগ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক । |
| ২২. | যে কোন আদালত। | ------------- | যে কোন মামলার রায়-ডিক্রীর সার্টিফাইড কপি উত্তোলন ও ব্যাংকে সরবরাহ । | ক) যে কোন অর্ন্তবর্তীকালীন আদেশের সার্টিফাইড কপি উত্তোলন খরচ ১,২০০/- টাকা।<br>খ) চূড়ান্ত রায়-ডিক্রীর সার্টিফাইড কপি উত্তোলন খরচ ০৫(পাঁচ) পাতা পর্যন্ত = ১,৫০০/- টাকা, ০৫(পাঁচ) পাতার অধিক হলে, অতিরিক্ত প্রতি পাতার জন্য ২০০/- টাকা হারে সর্বোচ্চ ৫০০০/- টাকা পর্যন্ত প্রদেয়। | আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক (কর্পোঃ শাখা, এলপিও) ।<br>প্রধান কার্যালয়ে উপমহাব্যবস্থাপক, আইন বিভাগ, প্রকা, ঢাকা। |

| ক্রঃ নং | কোর্ট /আদালত | মামলার প্রকৃতি | আইটেম/কাজের ধরন | আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২৩. | অর্থঋণ আদালত ও অন্যান্য আদালত/ হাইকোর্ট বিভাগ/ আপিল বিভাগ। | ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে জটিল, গুরুত্বপূর্ণ ও বড় অংকের মামলা (পক্ষে/ বিপক্ষে)। | আরজি / জবাব প্রস্তুতসহ মামলা দায়ের / পরিচালনা (শুরু থেকে নিস্পত্তি পর্যন্ত)। | # বড় অংকের অর্থঋণ মামলা, অর্থঋণ বা ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট অন্য কোন বিষয় হতে উদ্ভূত উচ্চ আদালতে রীট, রিভিশন, আপীলসহ যে কোন জটিল মামলা কেস টু কেস পর্যালোচনা করে নিযুক্ত আইনজীবীর সাথে এক বা একাধিক অভিজ্ঞ/ সিনিয়র আইনজীবী নিয়োগ করা যাবে। মামলার প্রয়োজনে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কেস টু কেস ভিত্তিক এরূপ অভিজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ, তাদের ফিস নির্ধারন ও অনুমোদন করবেন। ৫.০০ লক্ষ টাকার অধিক ফিস এর ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে। | ৫,০০,০০০/-টাকা পর্যন্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং তদূর্ধ ফিসের ক্ষেত্রে পরিচালনা পর্ষদ। |
| ২৪. | বিবিধ | --------- | বিশেষ পরিস্থিতিতে আইনজীবী নিয়োগের প্রয়োজন হলে এবং মামলা পরিচালনার ক্ষেত্রে কোন যৌক্তিক খরচ কিংবা ফিসের বিষয়বস্তু ক্রমিক নং ০১ হতে ২৩ এর আওতা বহির্ভূত হলে। | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক এর প্রস্তাবের প্রেক্ষিতে আইন বিভাগ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। |

০৫। আইনজীবী নিয়োগ ও ফিস সংক্রান্ত সাধারন শর্তাবলী ঃ

| | |
|---|---|
| ক) | প্যানেলভূক্ত আইনজীবীগণকে বিভিন্ন আদালতে ব্যাংকের মোকদ্দমা পরিচালনা ছাড়াও সময়ে সময়ে নথিতে আইনগত মতামত প্রদানসহ ব্যাংকের যে কোন ব্যাপারে অভিমত /সহযোগিতা প্রদান করতে হবে। |
| খ) | যে কোন আদালতে ব্যাংকের বিপক্ষে কোন মোকদ্দমায় আইনজীবী হিসেবে তিনি অংশগ্রহণ করতে অথবা পরোক্ষ সহযোগিতা/পরামর্শ প্রদান করতে পারবেন না। তাছাড়া ব্যাংকের কোন গোপনীয় বিষয় বা ব্যাংকের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত আদালত ব্যতীত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে কোন তথ্য প্রকাশ করতে পারবেন না। এবিষয়ে সংশ্লিষ্ট আইনজীবীর নিকট থেকে ৩০০/-(তিনশত) টাকা নন-জুডিশিয়াল ট্যাম্পের উপর লিখিত সম্মতিপত্র (Non Disclosure Agreement) গ্রহণ করতে হবে। |
| গ) | নিয়োগপ্রাপ্ত মামলায় ব্যাংক পক্ষে আরজি/জবাব দাখিলের পর মোট ফিসের ৫০% এবং মামলা চূড়ান্ত নিস্পত্তির পর বাকী ৫০% ফিস প্রাপ্য হবেন। চূড়ান্ত বিলের সাথে মামলার রায় ও ডিক্রির সার্টিফাইড কপি অবশ্যই দাখিল করতে হবে। |
| ঘ) | ব্যাংকের বিপক্ষে নিয়োজিত আইনজীবী অনুপস্থিত থাকার কারণে কোন মামলা Dismissed for Default হলে / খারিজ হলে এবং মামলাটি যদি পরবর্তীতে Restore হয়, সেক্ষেত্রে ব্যাংক পক্ষের আইনজীবী হিসেবে বর্ণিত ফিসেই মামলা পরিচালনা করতে হবে, এর জন্য আলাদাভাবে কোন ফি প্রাপ্য হবেন না। |
| ঙ) | সকল পেশাগত বিল হতে প্রযোজ্য হারে সরকারী বিধি মোতাবেক ভ্যাট/উৎসে কর কর্তনযোগ্য হবে। |
| চ) | কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন আইনগত দায়িত্ব তাকে পালন করতে হবে এবং কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকেই আইনজীবীর নিয়োগ বাতিল করতে পারবেন। |
| ছ) | অর্থ ঋণ মামলা নির্ধারিত ১২০ দিনের মধ্যে নিস্পত্তি করতে পারলে সংশ্লিষ্ট আইনজীবী প্রণোদনা হিসেবে চুক্তি ভিত্তিক ফিসের অতিরিক্ত ২০% ফিস প্রাপ্য হবেন। তবে সুদ মওকুফের মাধ্যমে এবং আপোষ/ সোলেনামার মাধ্যমে নিস্পত্তিকৃত মামলার ক্ষেত্রে এ প্রণোদনা প্রযোজ্য হবে না। |
| জ) | কোন মামলায় বা আনুষঙ্গিক বিষয়ে আইনজীবীর নিয়োগ/ ফিস নির্ধারনের ক্ষেত্রে অসঙ্গতি , ভিন্নতর পরিস্থিতি দেখা দিলে বা বর্ণিত নীতিমালায় কিছু উল্লেখ না থাকলে সে ক্ষেত্রে সুস্পষ্ট সুপারিশসহ প্রধান কার্যালয়ের আইন বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে । আইন বিভাগ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ করে সংশ্লিষ্ট কার্যালয়কে অবহিত করবে। |
| ঝ) | আইনজীবী কর্তৃক দাখিলকৃত বিল সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রধানকে সুনির্দিষ্ট অংকের বিল অনুমোদনের জন্য সুপারিশ করতে হবে। বিল অনুমোদনের ক্ষমতা যে স্তরের কর্মকর্তার উপর ন্যস্ত থাকুক না কেন প্রতিটি বিলে পূর্ববর্তী স্তরের কর্মকর্তার সুনির্দিষ্ট সুপারিশ থাকতে হবে এবং প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ঞ) | উচ্চ আদালতে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ/প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ব্যাংকের পক্ষে/বিপক্ষে, রীট/রিভিশন/আপীল মামলা দায়ের/ পরিচালনার ক্ষেত্রে আইনজীবী নিয়োগের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এখতিয়ারাধীন। |
| ট) | ০৩ (তিন) কোটি টাকার উর্ধ্বে অর্থঋণ আদালতে মামলা দায়েরের ক্ষেত্রে প্রস্তুতকৃত আরজি প্রধান কার্যালয়ের আইন উপদেষ্টার মাধ্যমে ভেটিং করিয়ে নিতে হবে। |
| ঠ) | মামলা দায়েরের ক্ষেত্রে কোর্ট ফি/স্ট্যাম্প বাবদ প্রকৃত খরচ (রশিদ দাখিল সাপেক্ষে) ব্যাংক বহন করবে। |
| ড) | অত্র ব্যাংকের কোন অবসরপ্রাপ্ত কর্মকর্তা ব্যাংকের কোন মামলায় সাক্ষী মনোনীত হয়ে থাকলে আদালতের নির্দেশে মামলার প্রয়োজনে সাক্ষ্য প্রদানের জন্য আদালতে যাতায়াত করলে তিনি যে পদমর্যাদার কর্মকর্তা হিসেবে অবসর গ্রহন করেছেন, সে পদমর্যাদা অনুযায়ী দৈনিকভাতা ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। এরূপ ভাতা/বিল সংশ্লিষ্ট শাখা/ বিভাগ কর্তৃক অনুমোদিত হবে। |
| ঢ) | আইনজীবীদের ফিস পুনঃনির্ধারণ সংক্রান্ত নীতিমালা ২০১৯ এর আওতাভুক্ত নয় বা তালিকায় অর্ন্তভুক্ত হয়নি এমন কোন আইনগত বিল/ফিস অনুমোদনের জন্য সুপারিশসহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের মাধ্যমে প্রধান কার্যালয়ের আইন বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। আইন বিভাগ তা যথাযথ কর্তৃপক্ষ/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (আর্থিক / প্রশাসনিক) অনুমোদন গ্রহণের ব্যবস্থা গ্রহন করবে। |
| ড) | বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমায় প্রদত্ত রায়ের বিরুদ্ধে দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল বা প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের মামলার রায় ব্যাংকের বিপক্ষে গেলে উক্ত রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল দায়ের করা হবে কিনা সেবিষয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(শৃংখলা) প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ পূর্বক আইন বিভাগকে অবহিত করবে। সে মোতাবেক আইন বিভাগ আপিল দায়েরের পদক্ষেপ গ্রহণ করবে। |
| ণ) | কোন প্যানেলভূক্ত আইনজীবীকে সংশ্লিষ্ট অঞ্চলের চলমান মোট মামলার ১/৩ (এক তৃতীয়াংশ) এর বেশী মামলায় নিয়োগ দেয়া যাবে না। |

০৬। অত্র পরিপত্র জারীর তারিখ হতে নীতিমালাটি কার্যকর হবে। উল্লেখ্য, পর্ষদ সচিবালয় বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র নং-০১/২০১৩ ০৫-০৮-২০১৩ ইং এর মাধ্যমে প্রদত্ত এতদসংক্রান্ত আর্থিক ক্ষমতাসমূহ অত্র পরিপত্র অনুযায়ী সংশোধিত হবে।

০৭। এমতাবস্থায়, ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয় ও শাখাসমূহকে প্রকাশিত নীতিমালাটি যথাযথ পরিপালন ও অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ বর্ণনামতে

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ
(অতিরিক্ত দায়িত্বে)

প্রকা/আইন-১৯৯৪/২০১৯-২০/ ৭৯০

তারিখ ঃ ৩০-১২-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে সকল সংযুক্তিসহ মূল পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/ মহানথি।

**(মোহাঃ গোলাম মাহবুব)**
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)